

Phone: 0468-62324

Email: pccollege1918@gmail.com

pccollegepr@yahoo.com

EIN: 114830

Website: www.pccollege.edu.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি পি. সি. কলেজ, বাগেরহাট

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



নং - ৬৬

তারিখ: ২৮/০৭/২০২১ খ্রি.

১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

সরকারি পি. সি. কলেজ, বাগেরহাট এর ২০২০ - ২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণির জন্য ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে আবেদন ফর্ম বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুসারে পূরণ করে পূরণকৃত ফর্মের প্রিন্ট কপি নিজের কাছে সংরক্ষণ করবে। আবেদন ফর্মের ফিস বাবদ রকেট চার্জ বাদে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা ১৪-০৮-২০২১ খ্রি. তারিখের মধ্যে ডাচ বাংলা ব্যাংক রকেটের “বিলার আইডি- ৩৩১৬” তে জমা দিতে হবে। টাকা জমার সময় বিলার নম্বর এর স্থলে অবশ্যই শিক্ষার্থীর ডাউনলোডকৃত আবেদন ফর্মের রোল নম্বর দিতে হবে। বিলার নম্বর(ফর্মের রোল নম্বর) ভুল প্রদানের জন্য ভর্তি জটিলতা সৃষ্টি হলে প্রতিষ্ঠান দায়ী থাকবে না। ফিস জমাদানের পর কলেজ কর্তৃক আবেদন ফর্ম নিশ্চয়ন করা হবে এবং শিক্ষার্থী একটি এস এম এস পাবে। ১৪-০৮-২০২১ তারিখের মধ্যে এস এম এস না পেলে অবশ্যই নিম্নোক্ত নাম্বারে ফোন করে আবেদন এবং পেমেন্ট জমা হয়েছে কিনা তা নিশ্চিত হতে হবে।

মোবাইল ব্যাংকিং রকেট এর মাধ্যমে ভর্তির আবেদন ফিস জমাদানের ধাপসমূহ

ক) মোবাইলে সরাসরি ডায়াল পদ্ধতি:

ধাপ ১: *322# ডায়াল করতে হবে।

ধাপ ২: “ 1 ডায়াল করে Bill Pay” অপশন সিলেক্ট করতে হবে।

ধাপ ৩: নিজের মোবাইল একাউন্ট থেকে পেমেন্ট করতে চাইলে “1 ডায়াল করে self” অপশন সিলেক্ট করতে হবে, অন্যের মোবাইল একাউন্ট থেকে পেমেন্ট করতে চাইলে “2 ডায়াল করে other” অপশন সিলেক্ট করে Enter Payer Mobile no. এর স্থলে আবেদনকারীর মোবাইল নাম্বার দিতে হবে।

ধাপ ৪: “0 ডায়াল করে other” অপশনে যেতে হবে।

ধাপ ৫: Enter Biller ID এর স্থলে 3316 টাইপ করতে হবে।

ধাপ ৬: Enter Bill Number এর স্থলে অবশ্যই ডাউনলোডকৃত আবেদন ফর্মের Admission Roll নম্বর টাইপ করতে হবে।

ধাপ ৭: Enter Amount এর স্থলে টাকার পরিমাণ 250/- টাইপ করতে হবে।

ধাপ ৮: Enter PIN এর স্থলে রকেট একাউন্ট এর PIN দিতে হবে।

ধাপ ৯: রকেট কর্তৃক আবেদনকারীর মোবাইলে 16216 নম্বর থেকে Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID(TxnID) সংরক্ষণ করতে হবে।

খ) রকেট App ব্যবহার পদ্ধতি:

ধাপ ১: রকেট App এ লগইন করে Bill Pay অপশন সিলেক্ট করতে হবে।

ধাপ ২: Search Biller এর স্থলে 3316 টাইপ করে Govt. P.C. College, Bagerhat সিলেক্ট করতে হবে।

ধাপ ৩: Bill No এর স্থলে অবশ্যই ডাউনলোডকৃত আবেদন ফর্মের Admission Roll নম্বর

টাইপ করতে হবে।

ধাপ ৪: Pay For এ নিজের মোবাইল একাউন্ট থেকে পেমেন্ট করতে চাইলে self অপশন সিলেক্ট করতে

হবে, অন্যের মোবাইল একাউন্ট থেকে পেমেন্ট করতে চাইলে other অপশন

সিলেক্ট করে Beneficiary Mobile number এর স্থলে আবেদনকারীর মোবাইল নাম্বার দিতে হবে।

ধাপ ৫: Enter Amount এর স্থলে টাকার পরিমাণ 250/- টাইপ করতে হবে।

ধাপ ৬: Submit এ ক্লিক করতে হবে।

ধাপ ৭ : প্রদত্ত সকল তথ্য যাচাই করে রকেট একাউন্ট এর PIN টাইপ করে নিচের রকেট বাটনটি পাঁচ


সেকেন্ড ধরে Press করতে হবে।

ধাপ ৮: রকেট কতৃক আবেদনকারীর মোবাইলে 16216 নম্বর থেকে Payment Confirmation SMS

আসবে। এই SMS থেকে Transaction ID(TxnID) সংরক্ষণ করতে হবে।

পেমেন্ট তথ্য নিশ্চিত হতে প্রয়োজনে যোগাযোগ:

তৌহিদ আল রাজিব, প্রভাষক, গণিত (০১৭২১৩৮৬৯৪১)


অধ্যক্ষ

সরকারি পি সি কলেজ, বাগেরহাট